দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 25 NOV 1988
পৃষ্ঠা ৫ কলাম ৬

225

## রাজশাহী বিশ্ববিদ্যালয় খোলায় রাষ্ট্রপতির সাহায্য কামনা

25 NOV 1988 সংবাদ ৫/৬

গত কয়েকদিন হলো রাজশাহী বিশ্ববিদ্যালয়ে দুইটি প্রতিদ্বন্দ্বী ছাত্র সংগঠনের মধ্যে মারামারিতে ২ জন ছাত্র নিহত এবং বহু ছাত্র আহত হয়। এর ফলে বিশ্ববিদ্যালয় অনির্দিষ্ট কালের জন্য বন্ধ ঘোষণা করা হয়। এভাবে বিশ্ববিদ্যালয় যদি বছরের মধ্যে ৭।৮ মাস বন্ধ থাকে তাহলে আমাদের শিক্ষাজীবন ধ্বংস হয়ে যাবে। আমাদের পিতামাতা আজ হতাশাগ্রস্ত। অনার্স কোর্স তিন বছরের, কিন্তু সময় লাগে ছয় বছর। এই মূল্যবান তিন বছর সময় কোথায় পাবো আমরা। চাকরির ক্ষেত্রে আবার বয়স নির্ধারিত করা আছে ২৭ বছর। আপনি ঢাকা বিশ্ববিদ্যালয়ে যেসব ব্যবস্থা নিয়েছেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ে এসব ব্যবস্থা নিলে আমরা সাধারণ ছাত্রছাত্রীরা উপকৃত হবো। যারা সন্ত্রাস সৃষ্টি করে তাদেরকে বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার করা হোক। গুটিকয়েক ছাত্রের জন্য আজ আমাদের এ অবস্থা।

তাই আমরা আশাকরি আমাদের শিক্ষাজীবনের কথা চিন্তা করে মাননীয় প্রেসিডেন্ট অবিলম্বে রাজশাহী বিশ্ববিদ্যালয় খোলার ব্যবস্থা ও শিক্ষার পরিবেশ সৃষ্টির জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দেবেন। যারা সন্ত্রাস সৃষ্টি করে তাদেরকে বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার করারও আবেদন জানাচ্ছি।

অপু চৌধুরী
হিসাব বিজ্ঞান বিভাগ,
রাজশাহী বিশ্ববিদ্যালয়,
রাজশাহী।

## এস,এস,সি পরীক্ষার্থীর আবেদন

আমি মাদারীপুর জেলার সদর উপজেলাস্থ কালাইমারা গ্রামের সাধারণ একজন ছাত্র। আমি ১৯৮৯ সালের এস এস সি পরীক্ষার্থী, কিন্তু টাকার প্রয়োজন। এমন কোন আত্মীয় নেই যে আমাকে সাহায্য করবে। গ্রামের লোকেরাই বা কি করবে? বন্যার দরুন মাঠের ধান ডুবে গেছে, এরকম আরো অনেক ক্ষতি হয়েছে। এখন আমি চোখে মুখে কিছুই দেখছি না, শুধু অন্ধকার। অন্য সবাই পরীক্ষা দিবে আর আমি চেয়ে দেখবো। আমি কি এ ব্যাপারে কারো সাহায্য পেতে পারিনা?

মো: নুরুজ্জামান খান
গ্রাম: কালাইমারা
পো: মাদ্রা বাজার,
মাদারীপুর।